বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৩০৬৪ জে,

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ফরিদপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত "জারীকারক" জনাব মোঃ আরিফুজ্জামান-এর রোড এক্সিডেন্টের কারণে ডান পায়ের হাড়ভাঙ্গাজনিত অপারেশনের ব্যয়বহুল চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা ও দায়রা জজের কার্যালয়, ফরিদপুর-এর স্মারক নং প্রশা-১৪০/২৬ তারিখ-৩০.০৩.২০২৬ খ্রি ,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আরিফুজ্জামান বিগত ২০০৮ সালে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফরিদপুরে নৈশ প্রহরী পদে যোগদান করে পদোন্নতি প্রাপ্ত হয়ে বর্তমানে জারীকারক (প্রসেস সার্ভার ) পদে কর্মরত আছেন। তিনি তার কর্মের ধারাবাহিকতার কারণে বিগত ২৪/০২/২০২৬ খ্রি. তারিখ মামলার সমন নিয়ে জারীর নিমিত্ত তার বাসা হতে সকাল ০৯.০০ ঘটিকায় বের হয়ে ফরিদপুর জেলার কোতয়ালী থানাধীন শমেসপুর সাকিনে সকাল ০৯.৩০ ঘটিকার সময় উপস্থিত হন। শমেসপুর বাজারের সন্নিকটে পৌছলে তার পিছন দিক হতে একটি ইঞ্জিন চালিত নছিমন এসে হঠাৎ করে স্বজোড়ে তাকে ধাক্কা মারে এবং তিনি উক্ত ধাক্কার কারণে মারাত্মক জখমপ্রাপ্ত হয়ে মাটিতে পড়ে যান। পরক্ষনেই তিনি দেখতে পান যে, তার ডান পা সম্পূর্ণ রক্তাক্ত এবং তার ডান পায়ের গিড়ার নিচ হতে পায়ের টাকনুর আগ পর্যন্ত হাড় চূর্ণবিচূর্ণ হয়ে গেছে। তাৎক্ষণিকভাবে তাকে চিকিৎসার জন্য ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের ট্রমা সেন্টারে আনা হলে সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে ঢাকায় উন্নত চিকিৎসার জন্য রেফার্ড করেন। ঐদিন তাৎক্ষণিকভাবে তাকে ঢাকার Trauma Centre & Orthopaedic Hospital (Pvt) Ltd-এ নিয়ে ভর্তি করা হয়। উক্ত তারিখে এবং পরবর্তী সময়ে তার পায়ের একাধিক অপারেশন সম্পন্ন করা হয়। এ পর্যন্ত তার চিকিৎসার ব্যয় বাবদ ১০,২০,৬৭৭/- টাকা ও অন্যান্য খরচসহ সর্বমোট প্রায় ১৩,০০,০০০/- (তের লক্ষ) টাকা খরচ হয়েছে। তার পায়ের আরো গুরুত্বপূর্ণ একাধিক অপারেশন করা প্রয়োজন। তার হাতে পরবর্তী চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত আর কোন অর্থ নেই। তার চিকিৎসার জন্য আরও অনেক অর্থের প্রয়োজন। ফলে তার পক্ষে ব্যয়বহুল এ চিকিৎসা চালিয়ে নেয়া একবারেই অসম্ভব হয়ে পড়ায় সকল বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ এবং কর্মচারীগণের নিকট চিকিৎসার নিমিত্ত সহায়তা প্রদানের জন্য আকুল আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, ফরিদপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত "জারীকারক" জনাব মোঃ আরিফুজ্জামান-তার চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে একেবারেই অসাধ্য হয়ে পড়ায় তার আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(এক) ফর্দ।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
**জনাব মোঃ আরিফুজ্জামান**
**সঞ্চয়ী হিসাব নং-০২০০০১৬৩৯৫০৪৭**
**অগ্রণী ব্যাংক ,জিলা পরিষদ শাখা, ফরিদপুর**
**মোবাইল নং-০১৭২৪-৬৫১৬২৮(বিকাশ পার্সোনাল)**

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৩০৬৪(২-৪৮) জে,

তারিখ: বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ (সকল)
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ---------------------(সকল)
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ----------(সকল)
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- ------------------- -------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------(সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু ধর্ষণ অপরাধ দমন ট্রাইব্যুনাল............................(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত..........................................(সকল)
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ডসার্ভে আপিল ট্রাইব্যুনাল.......................................(সকল)
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------ (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------(সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ -(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ................................................................. (সকল)।
১৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,........................ (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল......................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৯। অফিস কপি।

১০.০৮.২৬
(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
২৫৬০০ তারিখ 02 APR 2026

| | | |
|---|---|---|
| ডেপুটি রেজিস্ট্রার........ সহকারী রেজিস্ট্রার বিচার | রেজিস্ট্রার জেনারেল এর অনুস্বাক্ষর | অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা দিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট শাখায় দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
ফরিদপুর।

স্মারক নং প্রশা- ১৪০ /২৬ তারিখ : ৩০/০৩/২০২৬ খ্রি.

প্রেরক ঃ মোঃ জিয়া হায়দার
সিনিয়র জেলা ও দায়রা জজ
ফরিদপুর।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

বিষয় ঃ **ফরিদপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে কর্মরত প্রসেস সার্ভার জনাব মোঃ আরিফুজ্জামান এর আর্থিক সাহায্যে আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক ফরিদপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে কর্মরত প্রসেস সার্ভার জনাব মোঃ আরিফুজ্জামান এর আর্থিক সাহায্যে আবেদনপত্রটি আপনার সদয় অবগতি ও সুবিবেচনার জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনার অনুগত,

৩০.০৩.২০২৬ খ্রি.
(মোঃ জিয়া হায়দার)
সিনিয়র জেলা ও দায়রা জজ
ফরিদপুর।
সার্ভিস আইডি-১৯৯৮১১৮০২৬
গ্রেডেশন নম্বর-৫৩

সংযুক্ত ঃ (১) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর কর্তৃক প্রদত্ত ফরোয়ার্ডিং এর ফটোকপি-০১ ফর্দ,
(২) আবেদনকারীর আবেদন-০১ ফর্দ,
(৩) চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি-১০ ফর্দ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, ফরিদপুর।

মাধ্যম ঃ মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।

বিষয় ঃ **চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফরিদপুরে কর্মরত জারীকারক আমি অর্থাৎ মোঃ আরিফুজ্জামান-এর রোড এক্সিডেন্টের কারণে ডান পায়ের হাড়ভাঙ্গাজনিত অপারেশনের ব্যয়বহুল চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বিগত ২০০৮ সালে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফরিদপুরে নৈশ প্রহরী পদে যোগদান করে পদোন্নতি প্রাপ্ত হয়ে বর্তমানে জারীকারক (প্রসেস সার্ভার) পদে কর্মরত আছি। আমি আমার কর্মের ধারাবাহিকতার কারণে বিগত ২৪/০২/২০২৬ খ্রি. তারিখ মামলার সমন নিয়ে জারীর নিমিত্ত আমার বাসা হতে সকাল ০৯.০০ ঘটিকায় বের হয়ে ফরিদপুর জেলার কোতয়ালী থানাধীন শমেসপুর সাকিনে সকাল ০৯.৩০ ঘটিকার সময় উপস্থিত হই। শমেসপুর বাজারের সন্নিকটে পৌছলে আমার পিছন দিক হতে একটি ইঞ্জিন চালিত নছিমন এসে হঠাৎ করে স্বজোড়ে আমাকে ধাক্কা মারে এবং আমি উক্ত ধাক্কার কারণে মারাত্মক জখমপ্রাপ্ত হয়ে মাটিতে পড়ে যাই। পরক্ষনেই আমি দেখতে পাই যে, আমার ডান পা সম্পূর্ণ রক্তাক্ত এবং আমার ডান পায়ের গিড়ার নিচ হতে পায়ের টাকনুর আগ পর্যন্ত হাড় চূর্ণবিচূর্ণ হয়ে গিয়েছে। তাৎক্ষনিকভাবে আমাকে চিকিৎসার জন্য ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের ট্রমা সেন্টারে আনা হলে সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে ঢাকায় উন্নত চিকিৎসার জন্য রেফার্ড করেন। ঐদিনই তাৎক্ষনিকভাবে আমাকে ঢাকার Trauma Centre & Orthopaedic Hospital (Pvt) Ltd-এ নিয়ে ভর্তি করা হয়। উক্ত তারিখে এবং পরবর্তী সময়ে আমার পায়ের একাধিক অপারেশন সম্পন্ন করা হয়েছে। এ পর্যন্ত আমার চিকিৎসার ব্যয় বাবদ ১০,২০,৬৭৭/- টাকা এবং অন্যান্য খরচসহ সর্বমোট প্রায় ১৩,০০,০০০/- (তের লক্ষ) টাকা খরচ হয়ে গিয়েছে। আমার পায়ের আরো গুরুত্বপূর্ণ একাধিক অপারেশন করা প্রয়োজন। আমার হাতে পরবর্তী চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত আর কোন অর্থ নেই। আমার চিকিৎসার জন্য আরো অনেক অর্থের প্রয়োজন। এমতাবস্থায়, আমার পক্ষে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে নেওয়া একেবারেই অসম্ভব হয়ে পড়ায় বিচার বিভাগের একজন কর্মচারী হিসেবে মহোদয়ের মাধ্যমে বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও কর্মচারীগণের নিকট সদয় আর্থিক সাহায্যের জন্য আবেদন করছি।

অতএব, মহোদয়ের সমীপে বিনীত আরজ উপর্যুক্ত অবস্থা বিবেচনা করে আমার চিকিৎসার লক্ষ্যে মানবিক কারণে আর্থিক সাহায্য প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত

(মোঃ আরিফুজ্জামান)
প্রসেস সার্ভার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
ফরিদপুর।

<u>আর্থিক সাহায্য পাঠানোর ঠিকানা ঃ</u>
মোঃ আরিফুজ্জামান
সঞ্চয়ী হিসাব নং-০২০০০১৬৩৯৫০৪৭
অগ্রণী ব্যাংক, জিলা পরিষদ শাখা, ফরিদপুর।
বিকাশ নম্বর-০১৭২৪৬৫১৬২৮

<u>সংযুক্ত ঃ</u>
(১) চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র- ৮০ ফর্দ।